Shobuj Bangladesh24.com
অন্তরের অন্তরালে মানুষের কল্যাণে



# চর অঞ্চলে কৃষকের পানির ফেরিওয়ালা বিএডিসি

১১/০৩/২০২০ কৃষি






**ইমরুল কায়েস মির্জা কিরণ, রংপুর:**
ফেরিওয়ালা শব্দটির সাথে কম বেশি সবাই পরিচিত। সাধারণতঃ ফেরিওয়ালা বলতে আমাদের চোখে ভেসে ওঠে এক স্থান থেকে আর এক স্থানে ঘুরে ঘুরে খেলনা, ফলমূল, কাপড়-চোপড়, শাকসবজি ও অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি করা কোন ব্যক্তির কথা। তেমনি রংপুর অঞ্চলে তিস্তা নদীর জেগে ওঠা চরে চাষাবাদ করা কৃষকদের কাছে পানির ফেরিওয়ালা বলে পরিচিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)।

চর অঞ্চলে চাষাবাদের জন্য কৃষকদের নির্ভর করতে হতো ডিজেল চালিত সেচ পাম্পের উপর। এই পাম্পে সেচ খরচ অনেক বেশি হওয়ায় হাজার হাজার হেক্টর জমি ফাকা পড়ে থাকতো।

বিস্তীর্ণ এই চর অঞ্চলকে চাষের আওতায় নিয়ে আসার জন্য ‘রংপুর অঞ্চলে ভূ-উপরিস্থ পনি সংরক্ষণের মাধ্যমে ক্ষুদ্রসেচ উন্নয়ন ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের’ আওতায় তিস্তা নদীর জেগে ওঠা চরে ভ্রাম্যমান নৌকার মাধ্যমে সোলার চালিত লো লিফ্ট পাম্প (এল এল পি) এর মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় সেচ সুবধা প্রদান করছে বিএডিসি।

এর ফলে তিস্তার এক সময়ের ধুঁ-ধুঁ বালুচর এখন সবুজে ছেঁয়ে গেছে। চরে গর্ত করে পলিথিন বিছিয়ে ভ্রাম্যমান এই সোলার পাম্পের সাহায্যে পানি জমা রেখে প্রয়োজনীয়

Search ...

বাংলাদেশে করোনা ভাইরাস

| সর্বমোট | সর্বশেষ |
|---|---|
| আক্রান্ত | আক্রান্ত |
| ১,৫১৯,৮০৫ | ০ |
| সুস্থ | সুস্থ |
| ১,৪৬০,৭৫৪ | ০ |
| মৃত্যু | মৃত্যু |
| ২৬,৬৮৪ | ০ |
| সূত্র: আইইডিসিআর | স্পন্সর: একতা হোস্ট |

জেলা ভিত্তিক করোনা আপডেট

বাংলাদেশে করোনাভাইরাস আক্রান্ত ১,৫১৯,৮০৫

গাইবান্ধা ১,৪০৩

ন্যাশনাল কল সেন্টার ৩৩৩ | স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩ | আইইডিসিআর ১০৬৫৫ | বিশেষজ্ঞ হেলথ লাইন ০৯৬১১৬৭৭৭৭৭ | সূত্র - আইইডিসিআর | স্পন্সর - একতা হোস্ট

মতামত ও সাক্ষাৎকার

তালবানের জন্মদাতাই তো পাকিস্তানের সেনাবাহিনী: তসলিমা নাসরিন

Shobuj Bangladesh24.com
সত্যের সন্ধানে মানুষের কল্যাণে

প্রকল্প পরিচালক প্রকৌশলী সঞ্চয় সরকার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি রংপুর সার্কেল বলেন, স্বল্প ব্যায়ে সর্বোচ্চ খাদ্য উৎপাদন নিশ্চিত করতে আমাদের অব্যাহত প্রচেষ্টার মধ্যে একটি হচ্ছে সোলার চালিত এই সেচ ব্যবস্থাপনা পদ্ধতি। তিস্তা নদীর দুর্গম চর অঞ্চলের কৃষকরা বিনা মূল্যে সেচ দিয়ে ফসল উৎপাদন করে যেন লাভবান হতে পারে সে লক্ষ্যেই এ সোলার পাম্প স্থাপন করা হয়েছে।

এছাড়াও জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার গোল নম্বর-৭ অর্থাৎ সবার জন্য ব্যায়সাধ্য, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী নিশ্চিত করতে সরকারের অভীষ্ট লক্ষ্য অর্জনে এ সেচ পদ্ধতি দৃঢ় ভূমিকা রাখবে বলে বিশ্বাস করেন প্রকল্পটির পরিচালক।

সোলার চালিত ভ্রাম্যমান নৌকার এ সেচ ব্যবস্থাপনার মাধ্যমে রংপুরের তালুক শাহবাজ চরের প্রায় ৪২ একর জমি চাষের আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে। নৌকায় স্থাপিত এ সোলার পাম্পের সাহায্যে পুরো এলাকা ঘুরে ঘুরে প্রয়োজনীয় পানি কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিচ্ছে বিএডিসি যা ইতোমধ্যে ঐ এলাকায় ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে। এছাড়া ঢুষমারা চরে সোলার চালিত ২ টি ডাগওয়েলের মাধ্যমে ৬০ একর জমিতে সেচ দেয়া হচ্ছে। এতে ফসল উৎপাদনে পূর্বে যেখানে একর প্রতি ন্যূনতম ৮ হাজার টাকা খরচ হতো সেখানে বর্তমানে প্রয়োজন হচ্ছে মাত্র ১ হাজার টাকা। এ অঞ্চলের উৎপাদিত ফসল স্থানীয় চাহিদা পূরণের পাশাপাশি ঢাকা সহ দেশের বিভিন্ন জেলায়ও রপ্তানী করা হচ্ছে।

বিএডিসি'র এই উদ্ভাবনী প্রযুক্তিকে চর অঞ্চলের আশীর্বাদ হিসেবে দেখছে সংশ্লিষ্ট এলাকার কৃষকরা। তাই অন্যান্য চর একালার জন্য এরূপ সোলার চালিত সেচ পাম্প স্থাপনের জোর দাবী জানান এলাকাবাসী।

Share 0 Tweet Share




## আরও পড়ুন

No related posts.




আলোকবর্তিকা হয়ে থাকবেন ড. মানিক লাল দেওয়ান

সর্বশেষ সংবাদ

ডাক বিভাগের পরামর্শ মেনে খুলতে হবে 'নগদ' ব্যাংক হিসাব


১২ সেপ্টেম্বর খুলছে না বন্যাকবলিত শিক্ষাপ্রতিষ্ঠান!


সরকারি কর্মকর্তাদের স্যার বা ম্যাডাম ডাকার নিয়ম নেইঃ জনপ্রশাসন প্রতিমন্ত্রী


খালেদা জিয়ার মুক্তির আবেদন আইন মন্ত্রণালয় থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে


হাসপাতালে গড়ে প্রতিদিন ভর্তি হচ্ছে ৩০০ ডেঙ্গু রোগী


করোনাতে গত ২৪ ঘন্টায় ৫৬ জনের মৃত্যু


আইআইএএসটি-তে প্রভাষক পদে চাকরির সুযোগ

আমাদের ফেসবুক পেইজ

shobujba
9.1 হাজার লাই

পেজ লাইক করুন

Shobuj Bangladesh24.com
সত্যের সন্ধানে মানুষের কল্যাণে





#1 Marriage Matchmaking Agency of Bangladesh

TaslimaMarriageMedia.com


Tags: featured







ফিচার



মাংসাশী উদ্ভিদের তালিকায় যুক্ত হলো নতুন নাম!


IIAST Rangpur
16K likes
Like Page
IIAST Rangpur
প্রায় এক মাস আগে


পুরোনো সংখ্যা

September 2021

| S | S | M | T | W | T | F |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | |

« Aug

## জনপ্রিয় সংবাদ

- বাকৃবিতে এখনো যাদের টিকা নেওয়া হয়নি বা ডোজ পূর্ণ...
- বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোর তালিকায় স্থান পেল বাকৃবি
- টাইমস হায়ার এডুকেশন ওয়ার্ল্ড র‍্যাংকিংয়ে বাংলাদেশ...
- শিক্ষার্থীদের ভোগান্তি কমাতে বাকৃবিতে অনলাইনে এম.এস....
- নিজেই যাচাই করুন নিজের জন্ম নিবন্ধন
- আইআইএএসটি-তে প্রভাষক পদে চাকরির সুযোগ
- কুষ্টিয়ায় সেপটিক ট্যাংকে নেমে দুই শ্রমিকের মৃত্যু

Search ...

প্রচ্ছদ | জাতীয় | আন্তর্জাতিক | কৃষি | শিক্ষাঙ্গন | করোনা কর্ণার | বিজ্ঞান-প্রযুক্তি | অর্থনীতি | ধর্ম | প্রবাসের খবর | কলাম | চাকরি | স্বাস্থ্য | বিনোদন | গ্যালারি | অন্যান্য |

যোগাযোগঃ
ক্যাম্পাস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ-২২০২
ইমেইল: editorshobujbangladesh24@gmail.com; shobujbangladesh24@yahoo.com

সম্পাদক (ভারপ্রাপ্ত)
ফয়জুন্নাহার বেগম
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস
ময়মনসিংহ-২২০২
Email: editorshobujbangladesh24@gmail.com

shobujbangladesh24.com
Like Page 9.1K likes